

উন্নয়নের মূলধারায়

আলোকিত বাংলাদেশ

October 12, 2018



ঢাকা আহুছানিয়া মিশন

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপন

'পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য' এই শ্লোগানে এ বছর পালিত হচ্ছে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস। এ দিবস উদযাপনকে কেন্দ্র করে বৃহস্পতিবার শ্যামলীতে আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে 'তরুণদের মানসিক স্বাস্থ্যে মাদকের প্রভাব : বর্তমান প্রেক্ষাপট' শীর্ষক পারিবারিক সভার আয়োজন করা হয়েছে।

সভায় অংশ নেন আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা নিতে আসা পরিবারের সদস্য এবং এ সেবার সঙ্গে সম্পৃক্ত পেশাজীবীরা। শুরুতে স্বাগত বক্তব্য দেন ঢাকা আহুছানিয়া মিশনের মানসিক স্বাস্থ্যসেবা কার্যক্রমের সমন্বয়কারী মো. আমির হোসেন। এরপর 'তরুণদের মানসিক স্বাস্থ্যে মাদকের প্রভাব : বর্তমান প্রেক্ষাপট' বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপনা করেন নারী কেন্দ্রের কাউন্সিলর আবিদা সুলতানা। আলোচ্য বিষয়ে আলোচনা করার জন্য আলোচক ছিলেন ডা. আজহারুজ্জামান সেলিম, মনোচিকিৎসক এবং অ্যাডিকশন প্রফেশনাল ও ডা. মুনতাসীর মারুফ, মনোচিকিৎসক এবং ঢাকা আহুছানিয়া মিশনের আরবান প্রাইমারি হেলথ কেয়ার ডেলিভারি সার্ভিসেস প্রকল্প ডিএনসিসি পিএ-৫ এর প্রকল্প ব্যবস্থাপক মাহফিদা দীনা রুবাইয়া। এরপর শুরু হয় মুক্ত আলোচনা। এ সময় সভার আলোচকরা অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সভা সমাপনায় ছিলেন আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার উম্মে জাম্মাত।

উল্লেখ্য, এবারের মানসিক স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্যে তরুণদের মানসিক স্বাস্থ্যের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

<http://alokitobangladesh.com/epaper/pages/image/140646>

Oct 11

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপন

অক্টোবর ১১, ২০১৮

প্রতিনিধি: "পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য" এই স্লোগানে এ বছর পালিত হচ্ছে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস। এই দিবস উদযাপন কে কেন্দ্র করে আজ ১১ই অক্টোবর ২০১৮ আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে "তরুণদের মানসিক স্বাস্থ্য মাদকের প্রভাব: বর্তমান প্রেক্ষাপট" এই বিষয়ে পারিবারিক সভার আয়োজন করা হয়।

সভাটি ঢাকা আহছানিয়া মিশনের, হেলথ সেক্টরের ট্রেনিং রুমে আয়োজন করা হয়। সভায় অংশগ্রহণকারী ছিলেন আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা নিতে আসা পরিবারের সদস্য গণ এবং এই সেবার সাথে সম্পৃক্ত পেশা জীবী গণ। সভার



শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ঢাকা আহছানিয়া মিশনের মানসিক স্বাস্থ্য সেবা কার্যক্রমের সমন্বয়কারী এবং মোঃ আমির হোসেন।

"তরুণদের মানসিক স্বাস্থ্য মাদকের প্রভাব: বর্তমান প্রেক্ষাপট" বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপনা করেন নারী কেন্দ্রের কাউন্সেলর আবিদা সুলতানা। আলোচ্য বিষয়ে আলোচনা করার জন্য আলোচক ছিলেন ডা. আক্তারুজ্জামান সেলিম, মনোচিকিৎসক এবং এ্যাডিকশন প্রফেশনাল ও ডা. মুনতাসীর মারুফ, মনোচিকিৎসক এবং ঢাকা আহছানিয়া মিশনের আরবান প্রাইমারী হেলথ কেয়ার ডেলিভারী সার্ভিসেস প্রকল্প

ডিএনসিসি পিএ-৫ এর প্রকল্প ব্যবস্থাপক মাহফিদা দীনা রুবাইয়া। মূল বিষয় আলোচনার পরে মুক্ত আলোচনা শুরু হয় এ সময় সভার আলোচক গণ অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সভাটি সঞ্চালনা করেন আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার উম্মে জালাত।

উল্লেখ্য এবারের মানসিক স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্যে তরুণদের মানসিক স্বাস্থ্য উপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। কারণ পরিবর্তনশীল বিশ্বে তরুণদের ইতিবাচকভাবে খাপ খাওয়ানোর দক্ষতা অর্জন এবং সুস্থ মানসিক বিকাশের মাধ্যমে বিশ্বকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে তরুণদেরকেই অগ্রনী ভূমিকা পালন করতে হবে।

dhakanews24.com/2018/10/11/বিশ্ব-মানসিক-স্বাস্থ্য/



Oct 11

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদযাপিত

ঢাকা, ১১ অক্টোবর, ২০১৮ (বাসস) : ‘পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য’ এই প্রতিপাদ্যে এ বছর পালিত হচ্ছে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস।

এই দিবস উদযাপনকে কেন্দ্র করে আজ ঢাকা আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে ‘তরুণদের মানসিক স্বাস্থ্যে মাদকের প্রভাব : বর্তমান প্রেক্ষাপট’ এই বিষয়ে পারিবারিক সভার আয়োজন করেছে। মিশনের হেলথ সেক্টরের ট্রেনিং কক্ষে এই সভার আয়োজন করা হয়। সভায় অংশগ্রহণকারী ছিলেন আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা নিতে আসা পরিবারের সদস্যগণ এবং এই সেবার সাথে সম্পৃক্ত পেশাজীবীগণ।

সভায় স্বাগত বক্তব্য রাখেন ঢাকা আহছানিয়া মিশনের মানসিক স্বাস্থ্য সেবা কার্যক্রমের সমন্বয়কারী মো. আমির হোসেন।

‘তরুণদের মানসিক স্বাস্থ্যে মাদকের প্রভাব : বর্তমান প্রেক্ষাপট’ বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নারী কেন্দ্রের কাউন্সিলর আবিদা সুলতানা। এতে আলোচক ছিলেন মনোচিকিৎসক ডা. আক্তারুজ্জামান সেলিম, মনোচিকিৎসক এ্যাডিকশন প্রফেশনাল ডা. মুনতাসীর মারুফ, এবং ঢাকা আহছানিয়া মিশনের আরবান প্রাইমারী হেলথ কেয়ার ডেলিভারী সার্ভিসেস প্রকল্প ডিএনসিসি পিএ-৫ এর প্রকল্প ব্যবস্থাপক মাহফিদা দীনা রুবাইয়া। সভায় আলোচকগণ অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সভা সঞ্চালনা করেন আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার উম্মে জান্নাত।

<http://www.bssnews.net/bangla/?p=48391&print=print>